সারাদেশে বৃষ্টির প্রবণতা, সমুদ্র বন্দরে সতর্ক সংকেত জারি



সংগৃহীত ছবি

সারাদেশে বৃষ্টি ও দমকা হাওয়ার প্রবণতা বাড়তে পারে বলে জানিয়েছে আবহাওয়া অধিদফতর। রাতভর আকাশ মেঘাচ্ছন্ন থাকার পর ভোর থেকেই রাজধানীতে শুরু হয়েছে ভারী বর্ষণ। এর সঙ্গে দমকা হাওয়া, বিদ্যুৎ চমকানো ও বজ্রপাতও লক্ষ্য করা গেছে। একই ধরনের আবহাওয়া বিরাজ করছে দেশের বিভিন্ন এলাকাতেও।

এই পরিস্থিতিতে চট্টগ্রাম, কক্সবাজার, মংলা ও পায়রা সমুদ্র বন্দরগুলোতে ৩ নম্বর স্থানীয় সতর্ক সংকেত জারি করতে বলা হয়েছে। পাশাপাশি উত্তর বঙ্গোপসাগরে অবস্থানরত মাছ ধরার নৌকা ও ট্রলারগুলোকে উপকূলের কাছাকাছি থেকে সতর্কভাবে চলাচলের নির্দেশ দেওয়া হয়েছে, পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত।

সর্বশেষ পূর্বাভাস অনুযায়ী, ঢাকা, ময়মনসিংহ, খুলনা, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের বেশিরভাগ এলাকায় বৃষ্টির সম্ভাবনা রয়েছে। এছাড়া রংপুর ও রাজশাহী বিভাগের কিছু জায়গায়ও বৃষ্টি হতে পারে। কোথাও কোথাও দমকা বা ঝোড়ো হাওয়ার সঙ্গে বজ্রসহ বৃষ্টির আশঙ্কা রয়েছে এবং কিছু এলাকায় মাঝারি থেকে অতি ভারী বর্ষণ হতে পারে।

এদিকে দিনের ও রাতের তাপমাত্রা সামান্য কমতে পারে বলে জানিয়েছে আবহাওয়া অফিস।

LENS ASIA